



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৯/১১/১৪২৫ বঙ্গাব্দ
২১/০২/২০১৯ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

যথাযথ ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় উদ্‌যাপন করেছে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯। দিবসটি উপলক্ষে সকাল ৯ ঘটিকায় শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবার র্যালি সহকারে ববির কেন্দ্রীয় শহীদ মিনারে এসে জড়ো হয়। এরপর শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধানগণ সহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ হতে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, ছাত্রলীগ বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ২৪টি বিভাগ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেন। পুষ্পস্তবক অর্পণ শেষে উপাচার্য মহোদয় সমকাল সুহৃদ সমাবেশ কর্তৃক প্রকাশিত দেয়ালিকার মোড়ক উন্মোচন করেন এবং টিএসসিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রদেয় বাঁধন বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার নতুন অফিসের উদ্বোধন করেন। অমর একুশের তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে সকাল ১১ ঘটিকায় কীর্তনখোলা অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ববি শিক্ষক সমিতির সভাপতি বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মোঃ হাসিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। সভায় শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ ডিন মহোদয়, বিভাগীয় প্রধানগণ, প্রক্টর, প্রভোস্টবৃন্দ, পরিচালকগণসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ভূ-তত্ত্ব ও খনি বিদ্যা বিভাগের চেয়ারম্যান আবু জাফর মিয়া। আলোচনা সভায় বঙ্গুরা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস